তারিখ 18 SEP 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

134

দৈনিক বাংলা

# শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার অঙ্গীকার

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ছাত্রসমাজের ন্যায্য দাবী আদায় এবং শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার অঙ্গীকারের মধ্য দিয়ে বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল শিক্ষা দিবস পালন করে।

ছাত্র সংগঠনগুলি এ উপলক্ষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল এবং সমাবেশ করে। ছাত্রদের বিভিন্ন দাবী নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ে স্মারক-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার অঙ্গীকার

(প্রথম পৃঃ পর)

লিপি দেয়।

জাতীয়তাবাদী ছাত্রদল সন্ত্রাসের বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দিয়ে কলাভবন এলাকায় মিছিল বের করে। পরে ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত এক সমাবেশে সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার নেতা হাবিব-উন-নবী সোহেল ও আলী আক্কাস নাদিম বক্তৃতা করেন। নেতৃবৃন্দ দেড় মাস পর খুলে দেয়া বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য সকলের প্রতি আহবান জানান।

শিক্ষা দিবস উপলক্ষে ছাত্রলীগ (শা-অ) গতকাল কলাভবন এলাকায় মিছিল ও পরে কার্জন হলে সমাবেশ করে। সমাবেশে বক্তৃতা করেন সংগঠনের সভাপতি শাহে আলম ও সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল।

নেতৃবৃন্দ তাদের বক্তৃতায় অভি-যোগ করেন যে, বর্তমান সরকার ছাত্রসমাজের ন্যায়সঙ্গত দশদফা দাবী উপেক্ষা করছেন। তাঁরা অবিলম্বে এসব দাবী মেনে নেয়ার আহবান জানান।

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সমাবেশ অনুষ্ঠিত হয় অপরাজেয় বাংলার সামনে। বক্তৃতা করেন সংগঠনের সভাপতি নাসির -উদ-দুজা ও সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স। বক্তারা শিক্ষা দিবসের চেতনাকে ধারণ করে ছাত্রসমাজের ন্যায়সঙ্গত দাবী আদায়ের সংগ্রামে ঝাঁপিয়ে পড়ার জন্য আহবান জানান।

ছাত্রলীগের (না-শ) সমাবেশ অনুষ্ঠিত হয় মধুর ক্যান্টিনের সামনে। বক্তৃতা করেন সংগঠনের সভাপতি নাজমুল হক প্রধান ও সাধারণ সম্পাদক শফী আহমদ। নেতৃবৃন্দ শিক্ষা দিবসের চেতনায় শানিত হয়ে ছাত্রসমাজের অধিকার প্রতিষ্ঠার জন্য সকল গণতান্ত্রিক ও প্রগতিশীল সংগঠনকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান।

মধুর ক্যান্টিনের সামনে অনুষ্ঠিত সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সমাবেশে বক্তৃতা করেন বেলাল চৌধুরী ও রাজেকুজ্জামান রতন। নেতৃবৃন্দ শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূলে পদক্ষেপ নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট পরে মিছিল সহকারে সচিবালয়ে গিয়ে শিক্ষামন্ত্রীর কাছে ছাত্রসমাজের দাবী-দাওয়া সংবলিত স্মারকলিপি পেশ করে।

শিক্ষা দিবস উপলক্ষে বাংলাদেশ ছাত্র মৈত্রী গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। মধুর ক্যান্টিনের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন রাগীব আহসান মুন্না ও মিজানুর রহমান চন্দন।

এছাড়া বাংলাদেশ ছাত্র ফেডা-রেশন, জাতীয় ছাত্রদল, বাংলাদেশ ছাত্র সমিতি, গণতান্ত্রিক ছাত্রলীগ, ছাত্র ঐক্য ফোরাম ও স্বাধীন ছাত্র পরিষদ শিক্ষা দিবস উপলক্ষে গতকাল ক্যাম্পাসে মিছিল সমাবেশ করে।